

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১১

বিলোনীয়া, ২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪  
দক্ষিণ ত্রিপুরা জেলায় স্ট্রং রুম পরিদর্শনে সাধারণ পর্যবেক্ষক

লোকসভার সাধারণ নির্বাচন ২০২৪ উপলক্ষে আজ ১-ত্রিপুরা পশ্চিম লোকসভা কেন্দ্রের সাধারণ পর্যবেক্ষক ভূপেশ চৌধুরী দক্ষিণ ত্রিপুরা জেলা সফর করেন। জেলা সফরে এসে সাধারণ পর্যবেক্ষক ভূপেশ চৌধুরী বিলোনীয়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে ৩৪-রাজনগর (এসসি) ও ৩৫-বিলোনীয়া বিধানসভা কেন্দ্রের স্ট্রং রুম দুটি পরিদর্শন করেন। স্ট্রং রুম পরিদর্শনের সময় সাধারণ পর্যবেক্ষকের সাথে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহৃতা সিদ্ধার্থ শিব জয়সওয়াল, বিলোনীয়া মহকুমার মহকুমা শাসক রিস্ক লেখার ও অন্যান্য আধিকারিকগণ। সাধারণ পর্যবেক্ষক এদিন বিলোনীয়ার অগ্নিবীণা কমিউনিটি হলে মাইক্রো অবজারভারদের প্রশিক্ষণ ও বিলোনীয়া সার্কিট হাউসে ভোটগ্রহণ কর্মীদের দ্বিতীয় পর্যায়ের মহড়ায় উপস্থিত ছিলেন।

দক্ষিণ ত্রিপুরা জেলা সফরে এসে এদিন সার্কিট হাউসের কনফারেন্স হলে ১-ত্রিপুরা পশ্চিম লোকসভা কেন্দ্রের সাধারণ পর্যবেক্ষক বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সাথে এক বৈঠকে মিলিত হন। বৈঠকে ১-ত্রিপুরা পশ্চিম লোকসভা কেন্দ্রের পুলিশ অবজারভার আর শিবকুমার, দক্ষিণ ত্রিপুরা জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা এবং বিজেপি, আইএনসি, সিপিআইএম ও তিপরা ঘর্থা দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। বৈঠকে সাধারণ পর্যবেক্ষক শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন। সাধারণ পর্যবেক্ষক এদিন দক্ষিণ ত্রিপুরা জেলায় নির্বাচনের প্রস্তুতি নিয়েও সংশ্লিষ্ট আধিকারিকদের সাথে এক সভায় মিলিত হন। সভায় সাধারণ পর্যবেক্ষক ভোটগ্রহণ সম্পর্কিত নিরাপত্তা ব্যবস্থা, স্ট্রং রুমের নিরাপত্তা ব্যবস্থা বিষয়ে খোঁজখবর নেন। এই সভায় জেলার অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসারগণ, মহকুমা পুলিশ আধিকারিক, বিভিন্ন গ্রামের বিডিওগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*